

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.৯৯.০০৩.২১.২৫০

তারিখ: ২২ কার্তিক ১৪৩০

০৭ নভেম্বর ২০২৩

বিষয়: সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন সোনার বাংলা ডিগ্রী কলেজ এর প্রভাষক তৌহিদুর রহমান (কৃষি) ইনডেক্স নং-৩০৮৩৭৯৩ এর বেতন ভাতা চালুকরণ এবং প্রভাষক তৌহিদুর রহমান (মনোবিজ্ঞান) ইনডেক্স নং-৩০৮১৯৮১-এর বিরুদ্ধে ফৌজদারী মামলাসহ বেতন বন্ধ করণ সংক্রান্ত।

সূত্র: ডিআইএ'র পত্র নং-৩৭.১৯.০০০০.০৫৬.১৬.০৪০.২৩-৫৫; তারিখ ১৭/১০/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন ও নিরীক্ষাকালীন সময়ে কর্মরত শিক্ষক ও অন্যান্য কর্মচারী সংক্রান্ত তথ্যাবলী ফরম (সংযোজনী-৪) পূরণকালে দেখা যায়, ক্রমিক নং-(ক) জনাব তৌহিদুর রহমান, প্রভাষক (মনোবিজ্ঞান) এবং ক্রমিক নং (খ) জনাব তৌহিদুর রহমান, প্রভাষক (কৃষি) তাদের নাম ও পদবী একই কিন্তু ইনডেক্স ও বিষয় ভিন্ন। পরীক্ষান্তে দেখা যায় যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শনকালে জনাব তৌহিদুর রহমান, প্রভাষক (মনোবিজ্ঞান) এর নিবন্ধন সনদ জাল ছিল। উল্লেখ্য যে, জনাব তৌহিদুর রহমান, প্রভাষক (মনোবিজ্ঞান)-এর নাম ৬৭৮ জাল সনদের তালিকায় ৪২৫ নং ক্রমিকে অন্তর্ভুক্ত রয়েছে। তথ্যাবলী ফরম (সংযোজনী-৪) পূরণকালে প্রভাষক (কৃষি) এর ইনডেক্স ব্যবহার করে ফরমে স্বাক্ষর করেন। তার এ ধরনের কার্যকলাপ দূরভিসন্ধিমূলক ও উদ্দেশ্য প্রণোদিত হওয়ায় (খ) জনাব তৌহিদুর রহমান প্রভাষক (কৃষি) ইনডেক্স-৩০৮৩৭৯৩ এর বেতন-ভাতা বন্ধ হয়ে যায়। এক্ষেত্রে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন।

০২। এমতাবস্থায়, সোনার বাংলা ডিগ্রী কলেজ এর প্রভাষক তৌহিদুর রহমান (কৃষি), ইনডেক্স নং-৩০৮৩৭৯৩ এর বেতন ভাতা বকেয়াসহ ছাড়করণ এবং প্রভাষক তৌহিদুর রহমান (মনোবিজ্ঞান), ইনডেক্স নং-৩০৮১৯৮১-এর দূরভিসন্ধিমূলক কাজের জন্য তার বিরুদ্ধে ফৌজদারী মামলা ও ৭,৪৮,৬৭৫/-টাকা অডিট আপত্তি আদায়সহ বেতন-ভাতা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-১১-২০২৩

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.৯৯.০০৩.২১.২৫০/১(১১)

তারিখ: ২২ কার্তিক ১৪৩০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বেসরকারি কলেজ-৬ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সহকারী সচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৭) জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
- ৯) সভাপতি, গভর্নিং বডি, সোনার বাংলা ডিগ্রী কলেজ, কলারোয়া, সাতক্ষীরা।
- ১০) অধ্যক্ষ, সোনার বাংলা ডিগ্রী কলেজ, কলারোয়া, সাতক্ষীরা।
- ১১) অফিস কপি।



৭-১১-২০২৩

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব